

“QUALIFIED INVESTOR হিসেবে আপনি যেভাবে SME প্লাটফর্মে বিনিয়োগ করবেন”

সম্মানিত বিনিয়োগকারীরা,

আপনারা অবগত আছেন যে, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেডের নতুন প্লাটফর্ম হিসেবে SME প্লাটফর্মের যাত্রা শুরু হতে যাচ্ছে। শুরুতে ডিএসই ৬ টি কোম্পানী নিয়ে SME প্লাটফর্মের লেনদেন করবে। এরমধ্যে চারটি কোম্পানী ওটিসি মার্কেট থেকে SME তে আসছে।

SME প্লাটফর্মে শেয়ার ক্রয়ের জন্য শুধু QI (Qualified Investor) গনই ইলিজিবল হবেন। Qualified Investor হতে হলে আপনার বিও অ্যাকাউন্ট নাম্বারে সর্বনিম্ন বাজার মূল্যে ৫০ লক্ষ টাকার শেয়ার থাকতে হবে। অথবা আপনি এই বছরে যদি ট্যাক্স রিটার্ন জমা দিয়ে থাকেন সেখানে আপনার শেয়ার যদি ১ কোটি টাকার দেখিয়ে থাকেন তাহলেও Qualified Investor হিসেবে ইলিজিবল হবেন।

Qualified Investor হিসেবে ইলিজিবল বিনিয়োগকারীকে ESS Bangladesh

(<https://www.essbangladesh.com/login.xhtml>) এর ওয়েবসাইটে গিয়ে Qualified Investor হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে।

রেজিস্ট্রেশন এর স্টেপ গুলি পর্যায়ক্রমে :

১. ESS Bangladesh এর ওয়েবসাইটের Qualified Registration এ গিয়ে ফর্ম ফিলাপ করতে হবে। উল্লেখ যে সকল ফিল্ড আপনার জন্য প্রযোজ্য নয় সেখানে Not applicable কথাটা লিখতে হবে। <https://www.essbangladesh.com/investorReg.xhtml>
২. এর পরে আপনাকে Re-print অপশানে গিয়ে আপনার registered ইমেইল এবং লগইন পাসওয়ার্ড ব্যবহার করে রেজিস্ট্রেশন পেইজে গিয়ে সেটা ফিলাপ করে প্রিন্ট করে নিতে হবে।
৩. উক্ত ফর্মে উল্লেখিত সকল ডকুমেন্ট ওই ফর্মের সাথে সংযুক্ত করতে হবে।
৪. উক্ত ফর্ম Dhaka Stock Exchange এর ফেব্রুয়ারি ১০,০০০ টাকার একটি পে-অর্ডার সহ DSE টাওয়ার নিকুঞ্জ জমা দিতে হবে।
৫. এর পরে আপনাকে আপনার ইমেইলে রেজিস্ট্রেশন স্ট্যাটাস জানিয়ে দেয়া হবে।

যে সকল ডকুমেন্ট DSE টাওয়ার নিকুঞ্জ জমা দিতে হবে:

১. NID কার্ডের ফটোকপি
২. TIN সার্টিফিকেটের ফটোকপি
৩. শেষ অর্থ বছরের Tax Return এর কপি।
৪. বিনিয়োগকারী বিও সেটআপ এর কপি।
৫. আবেদনের তারিখের পোর্টফলিও এবং শেষ ১ মাসের লেজার।
৬. আপনার ব্যাংক স্টেটমেন্ট শেষ ১ মাসের।
৭. রেজিস্ট্রেশন ফি প্রদানের কপি।

উক্ত ডকুমেন্ট গুলি সফল ভাবে জমা দেয়ার পরে আপনাকে DSE আপনার registered ইমেইলের মাধ্যমে আপনার রেজিস্ট্রেশন এর স্ট্যাটাস জানিয়ে দিবে। আপনি কনফার্মেশন পাওয়ার পরে SME প্লাটফর্মে বিনিয়োগ করতে পারবেন। এবং SME আইপিও গুলিতেও আবেদন করতে পারবেন।